BGMEA

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/২৭৫

তারিখঃ ২২নভেম্বর, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ চট্টগ্রাম বন্দরে আমদানিকৃত এফসিএল কন্টেইনারের স্বাভাবিক স্টোররেন্টের উপর (খালি কন্টেইনার ব্যতীত) চলমান ০৪ (চার) গুণ হারে স্টোররেন্ট আদায়ের স্থগিতাদেশ এর মেয়াদ ৩০ নভেম্বর, ২০২৫ইং পর্যন্ত বর্ধিতকরণ প্রসঙ্গে।**

সূত্র ঃ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের বিজ্ঞপ্তি নং- ১৫/২০২৫, তাং- ২০/১১/২০২৫ইং।

সম্মানিত সকল সদস্যের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ সূত্রে উল্লেখিত বিজ্ঞপ্তি মারফত আমদানিকৃত এফসিএল কন্টেইনারের উপর (খালী কন্টেইনার ব্যতিত) চলমান ০৪ (চার) গুণ হারে স্টোররেন্ট আরোপ এর স্থগিতাদেশ ৩০/১০/২০২৫ইং তারিখ থেকে আরও ০১ মাস অর্থাৎ আগামী ৩০/১১/২০২৫ইং তারিখ পর্যন্ত বৃদ্ধি করেছে (কপি সংযুক্ত)।

প্রয়োজনীয় কার্যার্থে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের জারীকৃত বিজ্ঞপ্তিটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি,সিএসসিএম (অবঃ)
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ বর্ণনামতে।



CamScanner

# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
**পরিচালক (ট্রাফিক) এর দপ্তর**

বিজ্ঞপ্তি নং- ১৫/২০২৫ তারিখঃ-২০/১১/২০২৫ইং।

বিষয়ঃ- চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আমদানিকৃত এফসিএল কন্টেইনারের স্বাভাবিক স্টোররেন্টের উপর (খালি কন্টেইনার ব্যতীত) চলমান ০৪ (চার) গুন হারে স্টোররেন্ট আদায়ের স্থগিতাদেশ এর মেয়াদ বর্ধিতকরণ প্রসঙ্গে।

সূত্রঃ (১) চবক বোর্ড সিদ্ধান্ত নংঃ ১৯৭১৩; তারিখঃ ০৪/১১/২০২৫ইং।
(২) চবক বোর্ড সিদ্ধান্ত নংঃ ১৯৬৩৩; তারিখঃ ১৬/০৯/২০২৫ইং।
(৩) চবক বোর্ড সিদ্ধান্ত নং-১৯৫৯৩; তারিখঃ ১৯/০৮/২০২৫ইং।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে আমদানিকৃত এফসিএল কন্টেইনারের সংখ্যা আশংকাজনকভাবে বৃদ্ধি পেয়ে বন্দরের অপারেশনাল কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হওয়ার পরিপ্রেক্ষিতে পরিচালক (ট্রাফিক), চবক এর বিজ্ঞপ্তি নং-০২/২০২৫; তারিখ-২০-০২-২০২৫ এর মাধ্যমে Regulations for Working of Chittagong Port (Cargo and Container), 2001এর ১৬০ ধারা মূলে ১০-০৩-২০২৫ইং তারিখ হতে চট্টগ্রাম বন্দর ও ঢাকাস্থ কমলাপুর আইসিডিতে (পানগাঁও আইসিটি ব্যতীত) স্থিত আমদানিকৃত এফসিএল কন্টেইনারের উপর ০৪ (চার) গুন হারে স্টোররেন্ট আরোপ করা হয়। যা পরবর্তীতে চবক বোর্ড সিদ্ধান্ত নং-১৯৫৯৩; তারিখঃ ১৯/০৮/২০২৫ইং মূলে ০১ (এক) মাসের জন্য (২৩/০৮/২০২৫ইং হতে ২২/০৯/২০২৫ইং পর্যন্ত) স্থগিত করা হয় এবং চবক বোর্ড সিদ্ধান্ত নং-১৯৬৩৩; তারিখঃ ১৬/০৯/২০২৫ইং মূলে উক্ত স্থগিতাদেশের মেয়াদ ৩১/১০/২০২৫খ্রিঃ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়।

বর্তমানে সূত্রোক্ত ১নং বোর্ড সিদ্ধান্ত মূলে চট্টগ্রাম বন্দরে এফসিএল কন্টেইনার এর স্বাভাবিক স্টোররেন্ট এর উপর আরোপিত ০৪ (চার) গুন হারে স্টোররেন্ট আদায়ের উপরোক্ত স্থগিতাদেশ পুনরায় ০১ (এক) মাসের জন্য (আগামী ৩০/১১/২০২৫ইং পর্যন্ত) বর্ধিত করা হলো।

বন্দর ব্যবহারকারীদের নিরবচ্ছিন্ন সেবা প্রদান ও বন্দরের অপারেশনাল কার্যক্রম গতিশীল রাখার স্বার্থে সংশ্লিষ্ট সকল আমদানিকারকগণকে চট্টগ্রাম বন্দরের মাধ্যমে আনীত এফসিএল কন্টেইনার দ্রুততার সাথে ডেলিভারী গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ইহা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

২০/১১/২৫
পরিচালক (ট্রাফিক)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

CS CamScanner